# 2026

## BENGALI

## ( Major )

Paper : BEN0600104

( বাংলা ভাষার পরিচয় )

*Full Marks* : 60

*Time* : 2½ hours

*The figures in the margin indicate full marks for the questions.*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৮=৮

(ক) শ্লোক>শোলক—এটি কোন ধ্বনি পরিবর্তনের উদাহরণ ?

(খ) কালি>কাইল; ভক্তি>ভকতি; বিলাতি>বিলিতি—এর মধ্যে অপিনিহিতির উদাহরণ কোনটি ?

(গ) দেশি আগন্তুক শব্দের একটি উদাহরণ দাও।

(ঘ) চলিতরূপ নির্দেশ করো : আসিলাম; বাহির হইয়া।

(ঙ) চন্দ্র>চাঁদ; বংশ>বাঁশ—কোন শ্রেণির ধ্বনি পরিবর্তন ?

(চ) চততি>চড়ই>চড়ে—কোন শ্রেণির ধ্বনি পরিবর্তন ?

(ছ) বাংলা শব্দভাণ্ডারের পোর্তুগীজ শব্দের একটি উদাহরণ দাও।

(জ) উৎশ্বাস>উচ্ছ্বাস—কোন শ্রেণির ধ্বনি পরিবর্তন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো ছয়টি) : ২×৬=১২

(ক) বাংলা শব্দভাণ্ডারে গৃহীত দুটি ওলন্দাজ শব্দের উদাহরণ দাও।

(খ) উদাহরণসহ সংজ্ঞা লেখ : লোকনিরুক্তি

(গ) শব্দদ্বৈত-এর দুটি উদাহরণ দাও।

(ঘ) উদাহরণসহ সংজ্ঞা লেখ : স্বরসঙ্গতি

(ঙ) অন্ত্য-মধ্য বাংলার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(চ) উদাহরণসহ সংজ্ঞা লেখ : ধ্বন্যাত্মক শব্দ

(ছ) ঝাড়খণ্ডী উপভাষার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(জ) ধর্ম>ধম্ম; ভক্তি>ভকতি—এখানে ধ্বনি পরিবর্তনের সূত্র দুটি উল্লেখ করো।

(ঝ) উদাহরণসহ সংজ্ঞা লেখ : সমরূপ শব্দ

(ঞ) আধুনিক বাংলার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।





৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) সমীভবন কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা করো।

(খ) বাংলা শব্দভাণ্ডারের মৌলিক উপাদান সম্পর্কে আলোচনা করো।

(গ) মহাপ্রাণিত ও অল্পপ্রাণিত ধ্বনি কোনগুলি? উদাহরণসহ আলোচনা করো।

(ঘ) আদি-মধ্য বাংলার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(ঙ) মূর্ধন্যীভবন এবং স্বতঃমূর্ধন্যীভবনের মধ্যে উদাহরণসহ পার্থক্য নির্দেশ করো।

(চ) বিমিশ্রণ ও জোড়কলম শব্দের মধ্যে একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো।

(ছ) নাসিক্যীভবন এবং স্বতঃনাসিক্যীভবনের মধ্যে উদাহরণসহ পার্থক্য নির্দেশ করো।

(জ) উদাহরণসহ সংজ্ঞা লেখো : আদি স্বরাগম; বিষমচ্ছেদ।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে পর্যায়ক্রমে বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস আলোচনা করো।

(খ) বাংলা উপভাষাগুলির নাম উল্লেখ করো। যে কোনো একটি উপভাষার ভৌগোলিক অবস্থান নির্দেশ করে বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ২+২+৬=১০

(গ) আগন্তুক শব্দ কাকে বলে? বাংলা শব্দ ভাণ্ডারের আগন্তুক উপাদান সম্পর্কে আলোচনা করো। ২+৮=১০

(ঘ) বাংলা ভাষায় সাধু ও চলিত রীতির পার্থক্য দৃষ্টান্তসহ বুঝিয়ে দাও।

(ঙ) প্রাচীন বাংলা ভাষার বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ লিপিবদ্ধ করো।

★★★